

## ব্যবস্থাপনা পরিচালকের জরুরি তহবিল পরিচালন কার্যক্রম

| অর্থ বছর | শিক্ষার পর্যায় | জরুরি আর্থিক সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | আর্থিক সহায়তা বাবদ প্রদানকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০১৯-২০ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ০৩ জন | ১,২০,০০০ |
| ২০২০-২১ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ৭ জন | ৩,০৫,০০০ |

## ব্যবস্থাপনা পরিচালকের জরুরি তহবিল পরিচালন কার্যক্রম

উপর্যুক্ত সহায়তা ছাড়াও শিক্ষার্থীদের জরুরী প্রয়োজনে চাহিদার নিরিখে বিশেষ সহায়তা প্রদানের লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে ব্যবস্থাপনা পরিচালকের জরুরি তহবিল গঠন করা হয়। এ তহবিল থেকে বছরের বিভিন্ন সময়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন জরুরি আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

## উচ্চ শিক্ষায় এম.ফিল. ও পি.এইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান

| অর্থ বছর | শিক্ষার পর্যায় | নির্বাচিত গবেষকের সংখ্যা | গবেষণা কার্যক্রম সমাপ্তির সংখ্যা |
|---|---|---|---|
| ২০১৯-২০ | এম.ফিল. | ০৬ জন | ০১ জন |
| | পি.এইচ.ডি | ১০ জন | ০০ জন |
| ২০১৯-২০ | এম.ফিল. | ০৫ জন | ০৬ জন |
| | পি.এইচ.ডি | ০৭ জন | ০১ জন |
| ২০১৯-২০ | এম.ফিল. | ০০ জন | ০৩ জন |
| | পি.এইচ.ডি | ০৯ জন | ০১ জন |




Page: 05

## বঙ্গবন্ধ শেখ মুজিব স্কলার কার্যক্রম

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসাবে দেশের স্নাতকোত্তর পর্যায়ের অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে অনুপ্রেরণা ও উৎসাহ প্রদানের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উদ্যোগে প্রতিযোগিতার মাধ্যমে বঙ্গবন্ধু স্কলার নির্বাচন এবং বৃত্তি প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়। এ কার্যক্রমের আওতায় ১৩ (তেরো) টি অধিক্ষেত্রে ১৩ (তেরো) জন অনন্য মেধাবী শিক্ষার্থীকে বিগত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত থেকে বঙ্গবন্ধু স্কলার অ্যাওয়ার্ড হিসেবে সম্মাননা সনদ, ক্রেস্ট ও নগদ এককালীন ৩ (তিন) লক্ষ টাকার চেক প্রদান করেন এবং মাননীয় প্রধানমন্ত্রী উক্ত কার্যক্রমকে একটি নিয়মিত কার্যক্রম হিসেবে গ্রহণের জন্য সানুগ্রহ নির্দেশনা প্রদান করেন।

মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা অনুযায়ী বঙ্গবন্ধু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদানকে একটি চলমান কার্যক্রম হিসেবে গ্রহণ করে বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকা, ২০২২ প্রণয়ন করা হয়। উক্ত নির্দেশিকার আওতায় ১৬ (ষোল) টি অধিক্ষেত্রে ২২ (বাইশ) জন অনন্য মেধাবী শিক্ষার্থীকে বঙ্গবন্ধু স্কলার শেখ মুজিব স্কলার ২০২২ হিসেবে নির্বাচন করা হয়েছে। উক্ত ২২ জন শিক্ষার্থীর প্রত্যেককে এককালীন ৩ (তিন) লক্ষ টাকার চেক, ক্রেস্ট ও সম্মাননা সনদ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।




## বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার নির্বাচন ও অ্যাওয়ার্য প্রদান

| অর্থ বছর | শিক্ষার পর্যায় | অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | অ্যাওয়ার্ড বাবদ প্রদানকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০২১ | স্নাতকোত্তর শ্রেণি | ১৩ জন | ৩৯,০০,০০০ |
| ২০২২ | স্নাতকোত্তর শ্রেণি | ২২ জন | ৬৬,০০,০০০ |

শিক্ষা ও রাষ্ট্রের সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বিভিন্ন পরিকল্পনা ও কৌশল নির্ধারণে গবেষণাভিত্তিক কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি অব্যাহত রেখেছে। ট্রাস্ট সর্ম্পকে বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.pmeat.gov.bd

**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
ফোন: ৮৮-০২-৫৫০০০৪২৩, ৮১৯২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd
ওয়েব: www.pmeat.gov.bd

Page: 06

# স্মার্ট শিক্ষায় স্মার্ট দেশ
# শেখ হাসিনার বাংলাদেশ



## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Page: 01

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্থাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্ভাবনী ধারণা, সানুগ্রহ অভিপ্রায় ও নির্দেশনা অনুযায়ী অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা নিশ্চিত করার নিমিত্তে সারা দেশের সকল স্কুল/কলেজ/মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর ৩(১) উপধারার বিধান অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্থাপন করা হয়। ট্রাস্ট আইনের ৭(১) উপধারা অনুযায়ী ৫ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান। এ আইনের ৮(১) উপধারা অনুযায়ী ২৬ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড গঠন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উক্ত ট্রাস্টি বোর্ডের সভাপতি এবং ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক এর সদস্য সচিব।

## ট্রাস্ট তহবিল পরিচালন কার্যক্রম

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে অর্থ মন্ত্রণালয় থেকে সিডমানি হিসেবে প্রাপ্ত এক হাজার কোটি টাকা দিয়ে প্রাথমিকভাবে একটি স্থায়ী তহবিল গঠন করা হয়। পরবর্তীতে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে ট্রাস্ট তহবিলে অনুদান প্রদান করা হয়। উক্ত অর্থ বিভিন্ন ব্যাংকে এফ.ডি.আর. হিসেবে জমা রাখা হয়। উক্ত এফ.ডি.আর. সমূহের বিপরীতে প্রাপ্ত লভ্যাংশ দ্বারা স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান, দূর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসায় এককালীন চিকিৎসা অনুদান প্রদান, দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থীদের জরুরি আর্থিক সহায়তা প্রদানসহ উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

## উপবৃত্তি বিতরণ ও বিবিধ আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম

শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি, ঝরে পড়া রোধ, শিক্ষার প্রসার, বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, আর্থ-সামাজিক উন্নয়নে ছেলে-মেয়েদের অংশগ্রহণ বৃদ্ধিসহ শিক্ষাক্ষেত্রে ছাত্র-ছাত্রীর সংখ্যাসাম্য রক্ষার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, টিউশন ফি, ভর্তি সহায়তা, চিকিৎসা অনুদান, জরুরি আর্থিক সহায়তা, পি.এইচ.ডি. ফেলোশিপ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার অ্যাওয়ার্ড প্রদান করা হচ্ছে।

## উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম

সরকারি ও বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানের ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণ করে উপবৃত্তির অর্থ ইএফটিএন/ মোবাইল ও অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে এবং টিউশন ফি'র অর্থ অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদান করা হচ্ছে।







| সমন্বিত উপবৃত্তি কর্মসূচির (HSP) আওতায় উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বাৎসরিক প্রদান | শ্রেণি | উপবৃত্তি ও টিউশন ফি বাবদ | শ্রেণি | উপবৃত্তি ও টিউশন ফি বাবদ |
|---|---|---|---|---|
| | ৬ষ্ট-৭ম | ২৮২০ টাকা | ৮ম | ৩৪২০ টাকা |
| | ৯ম | ৪২০০ টাকা | ১০ম | ৫২০০ টাকা |
| | ১১শ | ৭২৬০ (বিজ্ঞান); ৬৫৮০ অন্যন্য | ১২শ | ৭২৬০ (বিজ্ঞান); ৬৭৮০ অন্যন্য |

| স্নাতক (পাস) ও সমমান শ্রেণির আওতায় উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বাৎসরিক প্রদান | উপবৃত্তি বাবদ | টিউশন ফি বাবদ |
|---|---|---|
| | সরকারি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান |
| স্নাতক (পাস) ও সম্মান | ৫০০০ টাকা | ৭২০ টাকা |

## স্নাতক (পাস) ও সমমান শ্রেণির আওতায় উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ

| উপবৃত্তির বছর | শিক্ষার পর্যায় | উপবৃত্তি ও টিউশন প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০১৯-২০ | [স্নাতক (পাস) ও সমমান শ্রেণি] | ২,১০,০৪৯ | ১১০,৯৮,৯২,৩৪০ |
| ২০২০-২১ | [স্নাতক (পাস) ও সমমান শ্রেণি] | ১,৮২,১০৩ | ৯৭,০৯,৮৫,৫৮০ |
| ২০২১-২২ | [স্নাতক (পাস) ও সমমান শ্রেণি] | ১,৩৯,৫৫৩ | ৭৪,৮২,৩১,৭০০ |

## উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির আওতায় উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ

| উপবৃত্তির বছর | শিক্ষার পর্যায় | উপবৃত্তি ও টিউশন প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০২০-২১ | উচ্চ মাধ্যমিক (১১শ-১২শ শ্রেণি) | ১০৫২২৯১ | ৯২০২৯০০৯০০ |
| ২০২১-২২ | উচ্চ মাধ্যমিক (১১শ-১২শ শ্রেণি) | ৮৭৩৭৭৪ | ৫৬৯৬০৬২৫৬০ |

## মাধ্যমিক ও সমমান শ্রেণির আওতায় উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ

| উপবৃত্তির বছর | শিক্ষার পর্যায় | উপবৃত্তি ও টিউশন প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | উপবৃত্তি ও টিউশন ফি বাবদ বিতরণকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০১৯-২০ | মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি | ২৭৩৫৬১১ | ১৪১০১৩৬৯০০০ |
| ২০২০-২১ | মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি | ৪১৯৮৫৯১ | ১৫৮৯০৯০২২১০ |
| ২০২১-২২ | মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম শ্রেণি | ৪৮৪৭৪১১ | ১৩২১৭৭১২৩৫০ |

## মাধ্যমিক ও সমমান শ্রেণির আওতায় উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ

উপবৃত্তি বিতরণের পাশাপাশি ২০১৪-১৫ অর্থবছর থেকে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে ভর্তি সহায়তা বাবদ মাধ্যমিক পর্যায়ে ৫০০০ টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে, ৮০০০ টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ে ১০,০০০ টাকা হারে প্রদান করা হচ্ছে।





## মাধ্যমিক হতে স্নাতক ও সমমান শ্রেণির আওতায় ভর্তি সহায়তা প্রদান

| উপবৃত্তির বছর | শিক্ষার পর্যায় | ভর্তি সহায়তাপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | ভর্তি সহায়তা বাবদ প্রদানকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০১৯-২০ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ১৯২ | ১৩,২৬,০০০ |
| ২০২০-২১ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ৫০৩ | ৩৩,৮৮,০০০ |
| ২০২১-২২ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ৬৯৬ | ৪৩,৭৬,০০০ |

## চিকিৎসা অনুদান প্রদান কার্যক্রম

দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান হিসেবে ২০১৪-১৫ অর্থবছর থেকে মাধ্যমিক থেকে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে সর্বনিম্ম ১০,০০০ থেকে সবোর্চ্চ ৫০,০০০ টাকা পর্যন্ত এককালীন প্রদান করা হচ্ছে।



## মাধ্যমিক হতে স্নাতক ও সমমান শ্রেণির আওতায় ভর্তি সহায়তা প্রদান

| উপবৃত্তির বছর | শিক্ষার পর্যায় | ভর্তি সহায়তাপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | ভর্তি সহায়তা বাবদ প্রদানকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০১৯-২০ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ১৯২ | ১৩,২৬,০০০ |
| ২০২০-২১ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ৫০৩ | ৩৩,৮৮,০০০ |
| ২০২১-২২ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ৬৯৬ | ৪৩,৭৬,০০০ |

## মাধ্যমিক হতে স্নাতক ও সমমান শ্রেণির আওতায় চিকিৎসা অনুদান প্রদান

| অর্থ বছর | শিক্ষার পর্যায় | চিকিৎসা অনুদানপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | চিকিৎসা অনুদান বাবদ প্রদানকৃত টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ২০১৯-২০ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ০৭ জন | ১,৯০,০০০ |
| ২০২০-২১ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ১০ জন | ৪,৬০,০০০ |
| ২০২১-২২ | [মাধ্যমিক - স্নাতক শ্রেণি] | ০৮ জন | ৩,০০,০০০ |

## ব্যবস্থাপনা পরিচালকের জরুরি তহবিল পরিচালন কার্যক্রম

উপর্যুক্ত সহায়তা ছাড়াও শিক্ষার্থীদের জরুরী প্রয়োজনে চাহিদার নিরিখে বিশেষ সহায়তা প্রদানের লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে ব্যবস্থাপনা পরিচালকের জরুরি তহবিল গঠন করা হয়। এ তহবিল থেকে বছরের বিভিন্ন সময়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন জরুরি আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।